

## ইমিগ্রেশন অ্যাসিসটেন্স সার্ভিস প্রোভাইডার ব্যবহার করতে হলে গ্রাহকদের জন্য টিপস সমূহ

ইমিগ্রেশন অ্যাসিসটেন্স সার্ভিস প্রোভাইডার (আই-এস-পি গুলি) হল সেইসব ব্যক্তি অথবা ব্যবসাসমূহ যারা উকিল নয় এবং যারা যে কোনো ধরনের অভিবাসন (ইমিগ্রেশন) ও সেই সংক্রান্ত পরিষেবা প্রদানের উপর শুল্ক নেয়। যেহেতু অভিবাসন (ইমিগ্রেশন) -এর আইনগুলি জটিল, **আই-এস-পি-রা যা যা করতে যোগ্য নয় তা হল:**

- নির্দিষ্ট ইমিগ্রেশন স্টেটাস-এর জন্য আপনি কীভাবে ফাইল করবেন
- নির্দিষ্ট ইমিগ্রেশন স্টেটাস পাওয়ার জন্য আপনার সুযোগ কতটা আছে সেই বিষয়ে আপনাকে পরামর্শ দেওয়া
- ইমিগ্রেশন ইন্টারভিউয়ের জন্য আপনাকে তৈরি করে দেওয়া

লক্ষণীয়: একটি **নোটারি পাবলিক**, একজন অ্যাটর্নি নন এবং তিনি উপরের পরিষেবা দিতে সক্ষম নন।

### আই-এস-পি-র কাছে যাওয়ার আগে

আপনার অবস্থার বিষয়ে কোনো একজন উকিলের সঙ্গে কথা বলুন। অথবা কোনো প্রখ্যাত **অলাভজনক সংস্থা**-র সঙ্গে কথা বলুন; এঁদের কাছে উকিলেরা কর্মী হিসাবে থাকেন অথবা তাঁরা বোর্ড অফ ইমিগ্রেশন অ্যাপিলস দ্বারা স্বীকৃত তাই তাঁরা আপনার অভিবাসন প্রক্রিয়া নিয়ে কাজ করতে পারবেন। **আপনি আই-এস-পি -র কাছে যাওয়ার আগে জেনে নিন আপনাকে কী কী ফর্ম ফাইল করতে হবে।**

**অভিবাসন পরামর্শ** অথবা **সহায়ের বিষয়ে অল্প খরচে অথবা বিনামূল্যে তথ্যের জন্য** নিউ ইয়র্ক ইমিগ্রেশন হটলাইন -এ ফোন করুন এই ফোন নম্বর গুলিতে (800) 566-7636 অথবা (212) 419-3737।

**অ্যাটর্নির সঙ্গে পরামর্শের জন্য** ফোন করুন **নিউ ইয়র্ক সিটি বার অ্যাসোসিয়েশন**-এ এই নম্বরে (212) 626-7373।

**ইউ. এস. সিটিজেনশিপ অ্যান্ড ইমিগ্রেশন সার্ভিসেস** ওয়েবসাইটে: **www.uscis.gov** আপনারা সমস্ত অভিবাসন সংক্রান্ত ফর্ম পেয়ে যাবেন।

### একটি আই-এস-পি -র কাছে যান কেবলমাত্র নিম্নলিখিত কারণগুলির ক্ষেত্রেই

- নথি অনুবাদ ও নোটারাইজ করতে
- বিভিন্ন নথি একত্রিত করার জন্য (যেমন জন্ম নিবন্ধন পত্র অথবা স্কুলের নথিগুলি)
- অ্যানালিকেশন ফর্ম টাইপ করার জন্য (কিন্তু আপনাকে উত্তর কেমন লিখতে হবে তা বলে দিতে নয়)
- ফোটোগ্রাফ অথবা মেডিকাল পরীক্ষার ব্যবস্থা করতে
- ইংরেজী ভাষা শিখতে অথবা সিভিল সার্ভিস করতে

### নিজেকে সুরক্ষিত রাখুন

- কেবলমাত্র সেই আই-এস-পি -র কাছে যান যাদের সঠিক ঠিকানা রয়েছে। কখনই এমন এক আই-এস-পি -র কাছে যাবেন না যাঁদের আপনি টেলিফোন অথবা ই-মেল-এর মাধ্যমে যোগাযোগ করেছেন।
- সেইসব আই-এস-পি -দের বিশ্বাস করবেন না যাঁরা বলে যে অভিবাসন (ইমিগ্রেশন) কর্তৃপক্ষের উপর তাদের বিশেষ প্রভাব রয়েছে।
- পরিষেবা প্রদান করার আগে এই-এস-পি -কে আপনার সঙ্গে লিখিত চুক্তি করতে হবে। সেই চুক্তি সই করার আগে অনুগ্রহ করে সেটি ভালোভাবে পড়ে নিন এবং আপনার রেকর্ডের জন্য সেই চুক্তির একটি কপি আপনার কাছে রেখে দিন।
- আই-এস-পি -দের কাছে আপনার কোনো আসল নথি (যেমন ম্যারেজ সার্টিফিকেট) রাখবেন না। তাদের কেবলমাত্র আসল নথির কপি দেবেন।
- কোনো পরিষেবার জন্য আগে থেকে টাকা দিয়ে দেবেন না। কেবলমাত্র তখনই টাকা দেবেন যখন আই-এস-পি তাদের কাজ সম্পূর্ণ করবে।
- লিখিত রসিদ রাখুন। দেখে নিন যাতে রসিদে আই-এস-পি -র নাম ও ঠিকানা থাকে।
- খালি অথবা অসম্পূর্ণ ফর্মে সই করবেন না।
- আই-এস-পি আপনার জন্য যে ফর্ম তৈরি করবে তাতে যেন আই-এস-পি সই করে এই বিষয়ে জোর দিন।
- নিশ্চিত করুন যে আই-এস-পি -র যেন কোনো বন্ড, কন্ট্রাক্ট অফ ইনডেমনিটি অথবা লেটার অফ ক্রেডিট থাকে। বন্ড কোম্পানী অথবা ব্যাংকের নাম ও যোগাযোগের ঠিকানা লিখে রাখুন। যদি কোনো আই-এস-পি আপনার প্রাপ্য ন্যায্য টাকা না দেয় অথবা অন্য কোনোভাবে আপনার ক্ষতি করে, তাহলে আপনি ক্রেম ফাইল করতে পারেন। যদি আই-এস-পি -র কাছে বন্ড না থাকে অথবা তারা আপনাকে বন্ডের তথ্য না দেয় তবে অন্য কোনো আই-এস-পি -র কাছে যান।

**ইমিগ্রেশন (অভিবাসন) পরিষেবা প্রদানকারী কোনো ব্যবসায়িক প্রতিষ্ঠানের বিরুদ্ধে অভিযোগ দায়ের করতে হলে 311-এ ফোন করুন।** অভিযোগ জানাতে হলে আপনাকে আপনার নাম অথবা আপনার ইমিগ্রেশন স্টেটাস জানাতে হবে না। **311** -য় ফোন করলে বিভিন্ন ভাষায় পরিষেবা দেওয়া হয়ে থাকে। আপনি **অনলাইনেও** অভিযোগ দায়ের করতে পারেন অথবা অভিবাসন পরিষেবা প্রদানকারী সম্বন্ধে নিয়ন্ত্রণকারী এন-ওয়াই-সি **ল (আইন)** ও নমুনা কনট্রাক্ট ডাউনলোড করতে পারেন।

**অ্যাটর্নির বিরুদ্ধে অভিযোগ দায়ের করতে হলে 311 -এ ফোন করুন অথবা [www.courts.state.ny.us](http://www.courts.state.ny.us) (অ্যাটর্নি ডিসপ্লিনারি/গ্রিভেন্স কমিটি) -এ যান।**